

13

ইসলামী বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে উপাচার্যের আশাবাদ ব্যক্ত

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া থেকে আকমল হোসেন : ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ইনামুল হক বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করে সকল মহলের সহযোগিতা কামনা করেছেন। বিশ্ববিদ্যালয়ের ফিকা ও মুসলিম দর্শন (ভুলনামূলক ধর্ম) বিভাগ চালুকে কেন্দ্র করে ছাত্রলীগ আহূত ধর্মঘটের ফলে সৃষ্ট অচলাবস্থা নিরসনের জন্য শিক্ষামন্ত্রীর সাথে সফল আলোচনা শেষে উপাচার্য গত বুধবার কুষ্টিয়া ফিরেছেন।

বুধবার তিনি বেশ কিছু শিক্ষক এবং ছাত্রনেতাদের সাথে আলোচনাকালে এই আহ্বান জানান। বিশ্ববিদ্যালয় উপাচার্যের বাসভবন তালাবদ্ধ থাকায় তিনি কুষ্টিয়া সার্কিট হাউজে অবস্থান করছেন। সরকারের উচ্চ মহলের নির্দেশে কুষ্টিয়ার পুলিশ ও জেলা প্রশাসন সার্কিট হাউজে তার সাথে এক বৈঠকে মিলিত হন এবং তার নিরাপত্তামূলক সকল ব্যবস্থা নিশ্চিত করার আশ্বাস দিয়েছেন। ইতিমধ্যে একজন পুলিশ অফিসারের নেতৃত্বে ২০ জনের একটি পুলিশ দলকে সার্কিট হাউজে মোতায়েন করা হয়েছে।

উপাচার্য কুষ্টিয়া ফিরে আসায় শিক্ষক এবং ছাত্রছাত্রীদের মধ্যে কিছুটা আশার সঞ্চার হয়েছে। গণতান্ত্রিক ছাত্র ঐক্য বিশ্ববিদ্যালয় শিক্ষার স্বাভাবিক পরিবেশ নিশ্চিত করতে সরকার এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি জোর দাবি জানিয়েছে। বিশেষ সূত্রে জানা গেছে, গতকালও শিক্ষকদের একটি সভা কোরাম পূর্ণ না হওয়ায় অনুষ্ঠিত হয়নি। আবহাওয়া খারাপ থাকায় কোরাম পূর্ণ হয়নি বলে জানা গেছে।